

তথ্য কমিশনে ২৬-০২-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১০টি অভিযোগের শুনানীশেষে ০১টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৬টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৩টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগটি হচ্ছে বরিশাল বাকেরগঞ্জ পৌরসভার অফিস সহকারীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীর প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। রূপালী ব্যাংক লিমিটেড হেড অফিসের ব্যবস্থাপনা ও তথ্য বিভাগের উপ-মহাব্যবস্থাপকের বিরুদ্ধে ০২টি অভিযোগ এবং অগ্রণী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

অন্যদিকে সোনালী ব্যাংক লিমিটেড মতিঝিল লোকাল অফিসের মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড রমনা কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক, ঢাকা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার, বাংলাদেশ

ওয়াকফ প্রশাসনের সহকারী ওয়াকফ প্রশাসক, ঢাকা ধানমন্ডি সার্কেলের সহকারী কমিশনার (ভূমি)এবং তথ্য কমিশনের সহকারী পরিচালকের (প্রশিক্ষণ) বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

২৬-০২-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মো: ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd